

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৫১

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ (৬) হজের মীকাতসমূহের বর্ণনা - যে ব্যক্তি হজ বা উমরাহ করার ইচ্ছা করবে, তাকে মীকাত থেকে ইহরাম বাধার নির্দেশ প্রসঙ্গে বর্ণনা

6 - بَابُ مَوَاقِيتِ الْحَجِّ - ذِكْرُ الْأَمْرِ لِمَنْ أَرَادَ الْحَجَّ أَوْ الْعُمْرَةَ أَنْ يُحْرِمَ مِنَ الْمَوَاقِيتِ

আরবী

3751 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدٍ بْنُ سِنَانٍ الطَّائِيُّ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ عَنْ ابْنِ عُمَرَ أَنَّهُ قَالَ: أَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَهْلَ الْمَدِينَةِ أَنْ يُهْلُوا مِنْ ذِي الْحَلِيفَةِ وَأَهْلِ الشَّامِ مِنَ الْجُحْفَةِ وَأَهْلَ نَجْدٍ مِنْ قَرْنٍ قَالَ ابْنُ عُمَرَ: أَمَّا هَؤُلَاءِ فَسَمِعْتُهُنَّ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأُخْبِرْتُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (وِيْهْلُ أَهْلَ الْيَمَنِ مَنْ يَلْمَلَمَ)  
الراوي : ابْنُ عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان  
الصفحة أو الرقم: 3751 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))  
(1526): ق.

বাংলা

৩৭৫১. ইবনু উমার রাঈয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মাদানীবাসীকে যুল হুলাইফা থেকে, শামবাসীকে জুহফাহ থেকে, নজদ বাসীকে কারন-আল-মানাযিল থেকে ইহরাম বাঁধতে নির্দেশ দিয়েছেন।”

ইবনু উমার রাঈয়াল্লাহু আনহুমা বলেন, “এগুলো নিজে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে শ্রবণ করেছি। আর আমাকে এই ব্যাপারে হাদীস জানানো হয়েছে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “আর ইয়ামানবাসীরা ইয়ালামলাম থেকে ইহরাম বাঁধবে।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৩৩০; মুসনাদ ইমাম শাফেঈ: ১/২৭৯; দারেমী: ২/৩০; সুনান বাইহাকী: ৫/২৬; মুসনাদ আহমাদ: ২/৯; সহীহুল বুখারী: ১৫২২; সহীহ মুসলিম: ১১৮২; নাসাঈ: ৫/১২৫; সহীহ ইবনু খুযাইমাহ: ২৫৮৯; তাহাবী: ২/১১৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৫২৬)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93088>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন